206

ভোরের কাগজ

তারিখ OCT. 1 8 1999
পৃষ্ঠা ১০ কলাম ৬

## একটি মহল শিক্ষাঙ্গনের পরিবেশ কলুষিত করছে : মেয়র

ঢাকা সিটি করপোরেশনের মেয়র মোহাম্মদ হানিফ বলেছেন, একটি মহল অসৎ উদ্দেশ্যে দেশের শিক্ষাঙ্গনগুলোতে কোমলমতি ছাত্রছাত্রীদের মাঝে অবৈধ অস্ত্রের ঝনঝনানি প্রদর্শন করে শিক্ষাঙ্গনের পরিবেশ কলুষিত করছে। তিনি এদের ব্যাপারে সতর্ক থাকার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

গত শনিবার রাজধানীর মিরপুর বাংলা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে কামাল আহমেদ মজুমদার বৃত্তি-প্রদান উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

মোহাম্মদ হানিফ মিরপুর পল্লবী এলাকার জনসাধারণের নিরাপদে যাতায়াতের জন্য একটি ফুটওভার ব্রিজ নির্মাণের আশ্বাস দেন। অনুষ্ঠানে তিনি ১৫১ জন কৃতি ছাত্রছাত্রীকে বৃত্তি প্রদান করেন। মিরপুর সরকারি বাংলা কলেজের অধ্যক্ষ এ কে এম আজাদ সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে স্থানীয় সাংসদ কামাল আহমেদ মজুমদারসহ স্থানীয় আওয়ামী লীগ ও কমিশনাররা বক্তব্য রাখেন। বিজ্ঞপ্তি।